



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯৭.২০১৯/১২১৫

তারিখ: ২০/০১/২০২১খ্রি.

বিষয়ঃ কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন ফতেহাবাদ নায়েব আলী কলেজের ব্যাংক হিসাব হতে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা উত্তোলনের অনুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন ফতেহাবাদ নায়েব আলী কলেজের ব্যাংক হিসাব নম্বর হতে বিধি মোতাবেক কলেজ প্রতিষ্ঠায় আনুষঙ্গিক শর্তাদি পূরণার্থে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা জমা করা হয়। বর্তমানে ছাত্র-ছাত্রীদের সুষ্ঠু পাঠদানের নিমিত্তে কলেজ শ্রেণি কক্ষ পাকাকরণ, সীমানা প্রাচীর, গেইট ও অন্যান্য অবকাঠামোগত বিভিন্ন কাজ করার জন্য উল্লিখিত টাকা উত্তোলনের অনুমতির জন্য আবেদন করেন। বর্ণিত বিষয়ে স্থায়ী আমানত/এফ.ডি.আর-এর কপি পাওয়া যায় নাই।

এমতাবস্থায়, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন ফতেহাবাদ নায়েব আলী কলেজের ব্যাংক হিসাব হতে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার স্থায়ী আমানত/এফ.ডি.আর না হওয়ায় উত্তোলনের অনুমতি প্রদান করা সম্ভব হচ্ছে না।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

১৫/০১/২০২১

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

ফতেহাবাদ নায়েব আলী কলেজ
দেবিদ্বার, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
- ২। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, ফতেহাবাদ নায়েব আলী কলেজ, দেবিদ্বার, কুমিল্লা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।
- ৫। সংরক্ষণ কপি।